# Cloxin®

## Cloxacillin

**Description:** Cloxacillin (**Cloxin**®) is a semisynthetic penicillin derivative. It is highly effective against penicillinase producing bacteria.

**Mode of action:** Cloxacillin kills bacteria by interfering the synthesis of bacterial cell wall by inhibiting the transpeptidase enzyme. As a result, the bacterial cell swells up and is ruptured.

**Composition**
**Cloxin® 500 mg Capsule:** Each capsule contains Cloxacillin BP 545.90 mg equivalent to Cloxacillin 500 mg.
**Cloxin® Powder for Solution:** After reconstitution each 5 ml contains Cloxacillin Sodium BP 136.48 mg equivalent to Cloxacillin 125 mg.
**Cloxin® 500 mg Injection:** Each vial contains Cloxacillin Sodium BP 545.90 mg equivalent to Cloxacillin 500 mg.

**Indications:** *Soft tissue infections:* Abscess, cellulitis, boil, carbuncle, furuncle, infected burn, pemphigus, paronychia, impetigo, pustule.
*Respiratory tract infections:* Tonsillitis, pharyngitis, bronchitis, bronchiectasis, pneumonia, otitis media, lung abscess.
*Other infections:* Acute and sub-acute endocarditis, staphylococcal meningitis, osteomyelitis, urinary tract infection, orthopaedic infection, prophylaxis of post operative wound infection.

**Dosage & administration**
*Oral:*
*Adults:* 500 mg 6 hourly, 1/2-1 hour before meals for 7 days. *Children:* 2-10 years, 250 mg & under 2 years 125 mg dose is recommended. Dose in children based on body weight is 25-50 mg/kg/day, given in divided portion.
*Injection:*
*IM:* 250 mg every 4-6 hours. *IV:* 500 mg every 4-6 hours. In severe infections, doses may be doubled.

**Contraindications:** Cloxacillin is contraindicated in penicillin hypersensitivity.

**Side effects:** Occasional rashes, transient diarrhoea or indigestion may rarely be reported.

**Use in pregnancy & lactation:** USFDA Pregnancy Category B.

**Precautions:** Prior administration of cloxacillin, penicillin hypersensitivity considered. Solutions for injection should be used within 30 minutes of preparation.

**Storage:** Store in a cool and dry place, protected from light.

**Packaging**
**Cloxin® 500 mg Capsule:** Each carton contains 4X13 capsules in strip pack.
**Cloxin® Powder for Solution:** Each carton contains a bottle having dry powder to reconstitute 100 ml solution.
**Cloxin® 500 mg Injection:** Each carton contains 1X4 vials with water for injection in blister pack.

# ক্লকসিন®

## ক্লক্সাসিলিন

**বিবরণ:** ক্লক্সাসিলিন (**ক্লকসিন**®) একটি সেমিসিনথেটিক পেনিসিলিন জাতীয় ওষুধ যা পেনিসিলিনেজ প্রস্তুতকারী ব্যাকটেরিয়ার বিরুদ্ধে অত্যন্ত কার্যকরি।

**কার্যপদ্ধতি:** ক্লক্সাসিলিন ট্রান্সপেপটাইডেজ এনজাইমের কার্যকারিতায় বাধা প্রদান করে ব্যাকটেরিয়ার কোষ প্রাচীর সংশ্লেষণে ব্যাঘাত ঘটায়। ফলে ব্যাকটেরিয়ার কোষের স্ফীতি ঘটে এবং ফেটে যায়।

**উপাদান**
**ক্লকসিন® ৫০০ মিগ্রা ক্যাপসুল:** প্রতি ক্যাপসুলে আছে ক্লক্সাসিলিন সোডিয়াম বিপি ৫৪৫.৯০ মিগ্রা হিসেবে ক্লক্সাসিলিন ৫০০ মিগ্রা।
**ক্লকসিন® পাউডার ফর সাসপেনশন:** দ্রবন প্রস্তুত করার পর প্রতি ৫ মিলি -এ আছে ক্লক্সাসিলিন সোডিয়াম বিপি ১৩৬.৪৮ মিগ্রা হিসেবে ক্লক্সাসিলিন ১২৫ মিগ্রা।
**ক্লকসিন® ৫০০ মিগ্রা ইনজেকশনঃ** প্রতি ভায়ালে আছে ক্লক্সাসিলিন সোডিয়াম বিপি ৫৪৫.৯০ মিগ্রা হিসেবে ক্লক্সাসিলিন ৫০০ মিগ্রা।

**নির্দেশনা:** নরম কোষকলার সংক্রমণঃ ফোড়া, কোষকলার প্রদাহ, চোখের পাতায় ফোড়া, বহুমুখী ফোড়া, নরম কোষকলার ফোড়া, সংক্রমিত ফোড়া, ত্বকে ফোস্কাজনিত রোগ, নখে সংক্রমণ, ইমপেটিগো, ত্বকের নিচে অল্প জায়গাজুড়ে পুঁজ জমা।
শ্বাসতন্ত্রের সংক্রমণঃ টনসিলে প্রদাহ, ফ্যারিংসে প্রদাহ, ব্রংকাসে প্রদাহ, সংক্রমিত ব্রংকাসের অস্বাভাবিক স্থায়ী প্রসারণ, নিউমোনিয়া, মধ্যকর্ণে প্রদাহ, ফুসফুসে ফোড়া।
অন্যান্য সংক্রমণঃ এন্ডোকার্ডিয়ামে হঠাৎ ও দীর্ঘস্থায়ী প্রদাহ, স্ট্যাফাইলোকক্কাসজনিত মেনিনজাইটিস, অস্টিওমাইলাইটিস, মূত্রনালীর সংক্রমণ, অর্থোপেডিক সংক্রমণ এবং অপারেশনজনিত ক্ষতের সংক্রমণে প্রতিরোধক চিকিৎসায় এটি ব্যবহৃত হয়।

**মাত্রা ও প্রয়োগ:** মুখে সেবনের জন্যঃ প্রাপ্তবয়স্কঃ ৫০০ মিগ্রা ৬ ঘণ্টা পর পর খাবারের ১/২-১ ঘণ্টা আগে ৭ দিন পর্যন্ত সেব্য। শিশুঃ ২-১০ বছরের শিশুদের ক্ষেত্রে ২৫০ মিগ্রা এবং ২ বছরের নীচের শিশুদের ক্ষেত্রে ১২৫ মিগ্রা সেব্য। প্রতিকেজি দৈহিক ওজন হিসেবে ২৫-৫০ মিগ্রা বিভক্ত মাত্রায় সেব্য।
ইনজেকশন হিসেবেঃ মাংসপেশীতে ২৫০-৫০০ মিগ্রা প্রতি ৪-৬ ঘণ্টা পরপর; শিরাপথে ৫০০ মিগ্রা প্রতি ৬ ঘন্টা পরপর গ্রহণযোগ্য। তবে তীব্র সংক্রমণে দৈনিক গ্রহণমাত্রা দ্বিগুন করা যেতে পারে।

**বিরুদ্ধ ব্যবহার:** পেনিসিলিনের প্রতি অতিসংবেদনশীলতা থাকলে এর ব্যবহার নিষিদ্ধ।

**পার্শ্বপ্রতিক্রিয়া:** ওষুধটি ব্যবহারের ফলে মাঝে মধ্যে ত্বকে ফুসকুড়ি, স্বল্পকালীন পাতলা পায়খানা বা বদহজম দেখা দিতে পারে।

**গর্ভাবস্থা ও স্তন্যদানকালে ব্যবহার:** ইউএসএফডিএ প্রেগন্যান্সি ক্যাটাগরি বি।

**সতর্কতা:** ক্লক্সাসিলিন ইনজেকশন প্রয়োগের আগে পেনিসিলিনের প্রতি অতিসংবেদনশীলতার বিষয়টি খেয়াল রাখতে হবে। ইনজেকশনের দ্রবণ তৈরীর ৩০ মিনিটের মধ্যে তা ব্যবহার করতে হবে।

**সংরক্ষণ:** আলো থেকে দূরে, ঠাণ্ডা ও শুষ্ক স্থানে রাখুন।

**উপস্থাপনা**
**ক্লকসিন® ৫০০ মিগ্রা ক্যাপসুল:** প্রতি কার্টনে স্ট্রিপে আছে ৪X১৩টি ক্যাপসুল।
**ক্লকসিন® দ্রবণ তৈরীর পাউডার:** প্রতি কার্টনে একটি বোতলে আছে ১০০ মিলি দ্রবণ তৈরীর পাউডার।
**ক্লকসিন® ৫০০ মিগ্রা ইনজেকশন:** প্রতি কার্টনে ব্লিস্টার স্ট্রিপে আছে ওয়াটার ফর ইনজেকশন-এর এ্যাম্পুলসহ ৪ টি ভায়াল।

018-08

Opsonin
Opsonin Pharma
Ideas for healthcare

*Manufactured by*
**Opsonin Pharma Limited**
Rupatali, Barishal, Bangladesh.
® Registered Trade Mark.